নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়
থানচি, বান্দরবান পার্বত্য জেলা।

www.thanchi.bandarban.gov.bd

স্মারক নং-০৫.৪২.০৩৯৫.০০০.১৪.০০২.২৩- ৭৬৫, তারিখ: ১১ অগ্রাহায়ণ ১৪৩০ / ২৬ নভেম্বর ২০২৩

| | |
|---|---|
| ১. চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, থানচি, বান্দরবান পার্বত্য জেলা<br>২. চেয়ারম্যান<br>১নং রেমাক্রী/ ২নং তিন্দু/ ৩নং থানচি/ ৪নং বলীপাড়া ইউনিয়ন পরিষদ থানচি, বান্দরবান পার্বত্য জেলা। | পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। |

২৬/১১/২৩
(মুহাঃ আবুল মনসুর)
উপজেলা নির্বাহী অফিসার
থানচি, বান্দরবান পার্বত্য জেলা।
ই-মেইল : unothanchi@mopa.gov.bd

জাতীয় নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলাপ্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
www.bandarban.gov.bd

স্মারক: ০৫.৪২.০৩০০.৪০৩.১২.০৩৫.২৩. ৬৬৫ তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩০ / ২২ নভেম্বর ২০২৩

**বিষয়: স্থানীয় সরকার বিভাগের নির্বাহী আদেশ।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-১ শাখার সংখ্যা নং: ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০১৪.২০১৫-১২৪১, তারিখ: ১৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

শাহ্ মোজাহিদ উদ্দিন
জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
৩০০-বান্দরবান পার্বত্য জেলা

০১। চেয়ারম্যান ও উপজেলা পরিষদ......(সকল), বান্দরবান পার্বত্য জেলা
০২। মেয়র, বান্দরবান/লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা
০৩। চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ.........(সকল), বান্দরবান পার্বত্য জেলা

স্মারক: ০৫.৪২.০৩০০.৪০৩.১২.০৩৫.২৩. ৬৬৫ তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩০ / ২২ নভেম্বর ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০২। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা
০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা
০৫। জেলা নির্বাচন অফিসার, বান্দরবান পার্বত্য জেলা
০৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল),...................... বান্দরবান পার্বত্য জেলা
০৭। জেলা তথ্য অফিসার, বান্দরবান পার্বত্য জেলা (বহুল প্রচারের অনুরোধসহ)
০৮। উপজেলা নির্বাচন অফিসার......... (সকল), বান্দরবান পার্বত্য জেলা
০৯। অফিস কপি

শাহ্ মোজাহিদ উদ্দিন
জেলাপ্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
৩০০-বান্দরবান পার্বত্য জেলা

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১৪. ২০১৫- ১২৪১

তারিখঃ ০৪ অগ্রহায়ণ ১৪৩০ / ১৯ নভেম্বর ২০২৩

## নির্বাহী আদেশ

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হইবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সরকার জাতির কাছে সাংবিধানিকভাবে দায়বদ্ধ। অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও ভয়ভীতিহীন পরিবেশে উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিয়াছে। নির্বাচন কমিশনের এই দায়িত্ব সুচারুরূপে সম্পাদনের জন্য সরকারি অফিস ও সংস্থাসমূহ সকল প্রকার সহযোগিতা করিতে আইনগত বাধ্য। এই নির্বাচন অনুষ্ঠানে সরকারের সাহায্য-সহযোগিতার পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিকট হইতেও প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা অত্যাবশ্যক।

২। নির্বাচনের সময় নির্বাচনি এলাকার সর্বত্র শান্তি-শৃঙ্খলা রক্ষা করা সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের পূর্বশর্ত। শান্তি-শৃঙ্খলা রক্ষা করিবার দায়িত্ব মূলত সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থা/কর্তৃপক্ষের উপর অর্পিত থাকিলেও এই ব্যাপারে স্থানীয় জনসাধারণ এবং নেতৃবৃন্দের সাহায্য ও সহযোগিতা একান্ত প্রয়োজন। শান্তি-শৃঙ্খলা রক্ষার এই তাৎপর্যপূর্ণ ভূমিকা পালনের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে সিটি কর্পোরেশন/পৌরসভা/জেলা পরিষদ/উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদসমূহের দায়িত্ব বিশেষ গুরুত্বপূর্ণ।

৩। উল্লিখিত প্রেক্ষাপটে দেশের সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জাতীয় সংসদের উল্লিখিত নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত দায়িত্বাবলী পালন করিবে:

(১) স্ব স্ব এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষার্থে আইন-প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

(২) নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে নির্বাচন কমিশন সময়ে সময়ে যে সব আদেশ/নির্দেশ জারি করিয়াছে কিংবা করিবে তাহা প্রতিপালন;

(৩) নির্বাচনী মিছিল, সভা ও প্রচারণা যাহাতে অবাধ, শান্তিপূর্ণ ও বিধি অনুযায়ী হয় সেই দিকে লক্ষ্য রাখা;

(৪) কোন নির্বাচনী অফিস বা প্রতীক বা পোস্টার নষ্ট করিবার যে কোন প্রচেষ্টারোধে সামাজিক প্রতিরোধ গঠনে সহায়তা করা;

(৫) সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ কিংবা ইউনিয়ন পরিষদে এমন কোন উন্নয়ন স্কীম গ্রহণ ও বাস্তবায়ন করিবে না যাহা জাতীয় সংসদ নির্বাচনে কোন প্রার্থীর ভোট প্রাপ্তিতে বা প্রচারণার পক্ষে ব্যবহৃত হইতে পারে;

(৬) সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ কিংবা ইউনিয়ন পরিষদের কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অনুদান বা অনুদানের প্রতিশ্রুতি দিতে পারিবে না যাহা কোন প্রার্থীর ভোট প্রাপ্তি বা প্রচারণার কাজে প্রভাব বিস্তার করিবে;

(৭) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন অফিস, যানবাহন এবং অন্যান্য সম্পত্তি কোন প্রার্থীর নির্বাচন বা প্রচারণার কাজে কোনভাবেই ব্যবহার করা যাইবে না। মাশুল পরিশোধ করিয়াও ব্যক্তিগত কাজে কোন যানবাহন ব্যবহার করার অনুমতি দেওয়া যাইবে না;

(৮) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ কোন প্রার্থীর নির্বাচনি কাজে বা প্রচারণায় অংশগ্রহণ করিতে পারিবে না;

(৯) ভোটকেন্দ্র নির্মাণসহ নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য সকল কাজে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়তা প্রয়োজন হইলে স্থানীয় সরকার প্রতিষ্ঠান উহা প্রদান করিবে;

(১০) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিগণ তাহাদের পদমর্যাদা, সরকারি সুযোগ সুবিধা ইত্যাদি কোন প্রার্থীর নির্বাচনি কাজে ব্যবহার করিতে পারিবেন না।

৪। উল্লিখিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এই আদেশে বর্ণিত দায়িত্ব পালনে ব্যর্থ হইলে, শৈথিল্য প্রদর্শন করিলে কিংবা অবহেলা করিলে উক্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট অধ্যাদেশ/ আইন/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৫। এই আদেশ জারির তারিখ হইতে নির্বাচনের পরবর্তী ১৫ দিন পর্যন্ত বলবৎ থাকিবে।

১৭/১১/২০২৩
মুহম্মদ ইব্রাহিম
সচিব

প্রাপক,

১। মেয়র, --------------------------- সিটি কর্পোরেশন (সকল)।
২। চেয়ারম্যান -------------------------------- জেলা পরিষদ(সকল)।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ----------------------(সকল)।
৪। মেয়র, -------------------------------- পৌরসভা (সকল)।
৫। চেয়ারম্যান, ---------------------------- ইউনিয়ন পরিষদ (সকল)।

সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১৪. ২০১৫- ১২৪১/১ (১৪)

তারিখঃ ০৪ অগ্রহায়ণ ১৪৩০ / ১৭ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, --------------------------- (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার।
৬। বিভাগীয় কমিশনার, --------------------------- (সকল)।
৭। উপ-মহাপুলিশ পরিদর্শক, --------------------------------- (সকল)।
৮। জেলা প্রশাসক, --------------------------------- (সকল) ও রিটার্নিং অফিসার।
৯। পুলিশ সুপার, ------------------------------------ (সকল)।
১০। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ---------------------------- (সকল)।
১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ----------------------- (সকল)।
১২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ------------------------------ (সকল)।
১৩। উপজেলা নির্বাহী অফিসার, ------------------------ (সকল)।
১৪। উপজেলা নির্বাচন অফিসার,- ---------------------- (সকল)।

১৭/১১/২০২৩
প্রত্যয় হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৫৫১০১১৮১